দৈনিক ইত্তেফাক

তারিখ... 02 JAN 1991
পৃষ্ঠা... 2 ......কলাম... 9...

02

## রংপুরে বিশ্ববিদ্যালয় চাই

উত্তরবঙ্গের ঐতিহ্যবাহী রংপুর কারমাইকেল কলেজকে ১৯৩৯ সালে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার প্রস্তাব গৃহীত হইয়াছিল; কিন্তু ২য় মহাযুদ্ধের জন্য তাহা বাস্তবায়িত হয় নাই। ১৯৪৮ ও ১৯৬০ সালেও এই কলেজকে বিশ্ববিদ্যালয় হিসাবে ঘোষণার পরিকল্পনা গ্রহণ করা হয়। কিন্তু তাহাও কার্যকর হয় নাই। ১৯৭৭ সালে কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজরূপে ঘোষণা দিয়া ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। কিন্তু দুঃখের বিষয়, উক্ত ঘোষণা বাস্তবরূপ গ্রহণ করে নাই। ইহার পরও বহু কলেজকে বিশ্ববিদ্যালয় কলেজে রূপান্তরিত করা হইয়াছে। কিন্তু কারমাইকেল কলেজের কোন পরিবর্তন হয় নাই। উত্তরবঙ্গবাসীর দীর্ঘদিনের দাবী কারমাইকেল কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করা হউক। এই দাবী বাস্তবায়নের জন্য নূতন সরকারের নিকট দাবী জানাইতেছি।

—মোঃ মতিউর রহমান, এডভোকেট, সুপ্রীমকোর্ট হাইকোর্ট ডিভিশন, রংপুর বেঞ্চ।